

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৬৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৮. তৃতীয় অনুচ্ছেদ - আত্মসংযম ও কাজে ধীরস্থিরতা

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَا أَبَا ذَرٍّ لَا عَقْلَ كَالتَّدْبِيرِ وَلَا ورع كالكفِّ ولاحسب كحسن الْخلق»

বাংলা

৫০৬৬-[১৪] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ হে আবূ যার! তদবীর বা পরিণাম ভেবে কাজ করার মতো কোন জ্ঞান নেই, নিবৃত্ত থাকার মতো কোন আল্লাহভীতি নেই এবং উত্তম চরিত্রের মতো কোন আভিজাত্য নেই।[1]

ফুটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান ৮০৩১, য'ঈফাহ্ আত্ তারগীব ১৫৯৫, ইবনু মাজাহ ৪২১৮, য'ঈফুল জামি' ৬৩০২, আল মু'জামুল কাবীর ১৬২৮।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "আল মাযী ইবনু মুহাম্মাদ আল গফিক্বী আল মিসরী" থাকার কারণে সানাদটি য'ঈফ। দেখুন- য'ঈফাহ্ ১৯১০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (لَا عَقْلَ كَالتَّدْبِيرِ) অর্থাৎ সকল কাজের পরিণাম চিন্তা-ভাবনা করার জ্ঞান-বুদ্ধির মতো কোন জ্ঞান-বুদ্ধি নেই। (كالكفّ) অর্থাৎ নিষিদ্ধ কর্মসমূহ থেকে বিরত থাকা আদেশকৃত বা নির্দেশিত কর্মসমূহ পালন করার মতো আর এটাকেই و عالم বা আল্লাহভীতি বলে। (ইবনু মাজাহ ৩য় খন্ড, হাঃ ৪২১৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন